Date of Publishing 7th December, 2023
17 pages

An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

# অ্যাসোসিয়েশন সংবাদ-২৭০

# ASSOCIATION SAMBAD

December -2023 Volume 24 No. 9




❋

সুধীজন স্বাগত

❋




বিস্তারিত তথ্য জানতে, আমাদের ফেসবুক পেজ এবং ওয়েবসাইটে নজর রাখুন।

If undelivered please return to
Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

## সম্পাদকের কলমে

**ওগো পরানের কবি মোর, আজ হাতে বাঁশি তুলে নাও**
**উৎসব এ লগন, সুরে সুরে দাও ভরে দাও.....**

অরুন আলো কিছুটা ম্রিয়মান হয়ে, মৃদুমন্দ শীতল বাতাস প্রাণে অনুভূত হলেই, দখিনা বাতাস নাম ধরে ডেকে বলে যায়, মনজানলা খুলে দেনা বাতাস লাগুক প্রাণে। নরম কুয়াশার চাদর জড়িয়ে ফিরে ফিরে আসা সোহাগী শীত, নানা উৎসবের লগনে সুর ভরে দেয়। বাহারী নকশীকাঁথা অঙ্গে জড়িয়ে, নয়নে মধুর স্বপ্ন জড়ানো লগনে, ভেসে আসে মোহময়ী বাঁশির সুর। মনমাতানো ফুলের গন্ধ ভরা বাতাসে, শীতল শীতল প্রাণের কথায় আনমনা মন বলে ওঠে, নিজেরে তো আগে কোনদিন এমন করে লাগে নি ভালো। শীত মানেই গ্রাম বাংলা এবং শহরে ভিন্ন আঙ্গিকে প্রাণ পায় নানা উৎসব। শহরের শীত মানেই রঙ বেরঙের পোশাক, হৈ হুল্লোড় আর রসনা তৃপ্তি করতে রকমারী খাওয়া দাওয়া। চোখেতে ভালোবাসার নেশা জড়িয়ে এক রবির কম উষ্ণতায়, গানে গল্পে নৃত্যে আর এক রবি জেগে ওঠে বাঙালির মননে।

গ্রাম বাংলার ক্ষেত্রে, এই শীতকালীন উৎসব পালিত হয় চিরাচরিত প্রথা অনুযায়ী। সেখানে নবান্ন উৎসবের মধ্যে দিয়ে বর্ষপঞ্জী শুরু হলেও, পৌষ মাসের শেষ পর্যন্ত পালিত হয় টুসু উৎসব। কুমারী এবং বিবাহিত মহিলারা তাদের লৌকিক ও দেহগত প্রেমকে জড়িয়ে, দলবদ্ধ সঙ্গীতের মাধ্যমে গেয়ে চলেন টুসু গান। গাছি চাষীরা শীতের কুয়াশাচ্ছন্ন ভোরে, খেজুর গাছ থেকে “জিরান কাট” রস নামিয়ে, সেই রসের ভাঁড়কে পুনরায় গাছে টাঙিয়ে বানিয়ে চলেন, অমৃত সমান “উলাকাটা” রস। আর এই অমৃত রস দিয়েই স্বাদে গন্ধে অতুলনীয় খেজুর গুড় তৈরী করেন গুড় শিল্পীরা, যাঁদের পোশাকি নাম শিউলি। শীতের দুপুরে কড়া মিঠে রোদ্দুরে, শীতল পাটিতে বসে, এই সুস্বাদু ঝোলা গুড় আর শ্বেত শুভ্র চালের পিঠেপুলির যুগলবন্দিতে নেমে আসে স্বর্গীয় স্বাদ। তাইতো হৃদয়ে অনুভূত হয়, এ জীবনে যতটুকু চেয়েছি, মন বলে তার বেশি পেয়েছি, পেয়েছি।


বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির অধ্যক্ষ শ্রী তপন রায়, সাধারণ সম্পাদক শ্রী প্রদীপ গাঙ্গুলী এবং আমাদের কার্যনির্বাহী সমিতির সকল সদস্যদের তরফ থেকে, সকলকে বিশ্বপিতার জন্মদিন অর্থাৎ বড়দিনের অসংখ্য শুভেচ্ছা, আন্তরিক প্রীতি ও শুভকামনা রইলো। আনন্দের ও ভালোবাসার ছোঁয়ায়, আপনারা সপরিবারে

ভালো থাকবেন, সুস্থ থাকবেন ও আনন্দে থাকবেন।

## বেঙ্গল অ্যাসোসিয়েশন নিজস্ব সংবাদ

দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের একনিষ্ঠ উদ্যোগে, আগামী ৯ই এবং ১০ডিসেম্বর, এই প্রথমবার আয়োজিত হতে চলেছে, 'বিয়ন্ডবাউন্ডস' শীর্ষক একটি আন্তর্জাতিক ডকু-শর্ট ফিল্ম ফেস্টিভ্যাল। আমাদের এই ঐতিহ্যবাহী প্রতিষ্ঠানের বার্ষিক ক্যালেন্ডারে, বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা প্রেক্ষাগৃহে, প্রতিবছরই আমরা নিয়ম করে "সিনে উৎসব" উদ্‌যাপন করে থাকি, যা অসংখ্য সিনেপ্রেমী দর্শকের কাছে বিশেষভাবে সমাদৃত। বিগত বছরে, আমরা এই "সিনে উৎসবের" ব্যানারে, নানা ধরণের বাছাই করা উন্নত মানের বাংলা চলচ্চিত্র দেখিয়ে এসেছি এবং এই উৎসব এতদিন প্রাণ পেয়েছে, নানা ধরণের বাছাই করা উন্নত মানের বাংলা চলচ্চিত্র দেখিয়ে এসেছি এবং সেই উৎসব এতদিন প্রাণ পেয়েছে, নানা আঙ্গিকের পূর্ণ দৈর্ঘ্য এবং স্বল্প দৈর্ঘ্যের বাংলা ছায়াছবির সংমিশ্রণে। ২০২২-২০২৫ সালের নতুন কার্যকরী সমিতি গঠিত হওয়ার পর, আমরা পরিকল্পনা নিয়েছিলাম, আমাদের ক্যালেন্ডারে বার্ষিক সিনে উৎসবকে ব্যতিরেকে, বছরের অন্য সময়ে, একটু ভিন্ন ধরণের কিছু অনুষ্ঠানের আয়োজন করতে, যার মাধ্যমে রাজধানী দিল্লি প্রবাসী বাঙালিরা তথা অন্য ভাষাভাষীর সংস্কৃতিপ্রেমী মানুষেরা নতুন কিছু উপহার পেয়ে, আমাদের সাথে একসূত্রে আরও কিছুটা বেঁধে বেঁধে থাকেন।

আপনারা সকলেই অবগত আছেন, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, জন্মলগ্ন থেকেই, বিভিন্ন কর্মকান্ডের মাধ্যমে, বহির্বঙ্গে বাংলা ভাষার প্রচার ও প্রসারে সর্বদা দায়িত্ব পালন করে এসেছে। আমরা বাঙালিরা, বাংলা নিয়ে ভাবতে, বাংলা নিয়ে কথা বলতে, বাংলায় গান গাইতে বিশেষভাবে পছন্দ করলেও, একটা প্রতিষ্ঠিত সংগঠনের ছত্রছায়ায় থেকে, আমাদের লক্ষ্য হচ্ছে, আমাদের চিন্তাভাবনা, আমাদের কর্মপ্রচেষ্টা, আমাদের কর্মকান্ড আরও একটু সুদূরপ্রসারী হোক, বিবিধের মাঝে মহান মিলন ঘটাতে ছড়িয়ে পড়ুক দিকে দিকে। কারণ নিজের মাতৃভাষাকে, সঠিকভাবে লালন পালন করতে হলে, এর মিষ্টি সুরকে বিশ্বব্যাপী ভিন্ন সাংস্কৃতিক মনস্ক ব্যক্তিদের কর্ণকুহরে পৌঁছে দিয়ে সমন্বয় সাধন করতে গেলে, সাংস্কৃতিক আদান প্রদান করার বিশেষ প্রয়োজন। আমাদের কার্যকরী সমিতির, এই ভাবনাকে বাস্তবায়িত করতেই, এ বছর আমরা প্রথমবার বাংলা ভাষাকে জড়িয়ে, বাংলা ভাষায় গঠিত বিভিন্ন পুরস্কার বিজয়ী তথ্যচিত্র ও স্বল্পদৈর্ঘ্যের ফিল্ম দেখানোর সাথে, প্রিয় দর্শকদের কাছে মেলে ধরতে উদ্যোগী হয়েছি, ভারতবর্ষ সহ আরও নানা দেশের, যথাক্রমে



PRESENTS
beyondbounds
FIRST INTERNATIONAL DOCUMENTARY / SHORT FILM FESTIVAL
ORGANISED BY THE BENGAL ASSOCIATION, DELHI
9th & 10th DECEMBER 2023 • MUKTADHARA AUDITORIUM • 10:30 AM ONWARDS
বেঙ্গল অ্যাসোসিয়েশন আয়োজিত
প্রথম আন্তর্জাতিক ডকুমেন্টারী / শর্ট ফিল্ম ফেস্টিভাল
বিয়ন্ড বাউন্ডস্
মেঘনা যমুনা
দুই বাংলার ফুড ফেস্টিভ্যাল
Meghna Jamuna
INTERNATIONAL BENGALI FOOD FESTIVAL
9th & 10th DECEMBER 2023
@ MUKTADHARA
BANGA SANSKRITI BHAWAN
18-19 BHAI VEER SING MARG
GOLE MARKET, NEW DELHI
9th and 10th DECEMBER 2023
MUKTADHARA AUDITORIUM, BANGA SANSKRITI BHAVAN
18-19 BHAI VEER SINGH MARG, GOLE MARKET, NEW DELHI 1
PLEASE BLOCK YOUR DATES
ALL ARE CORDIALLY INVITED
WATCH OUT FOR MORE DETAILS ON THIS VERY SOON
KEEP YOUR EYES ON OUR OFFICIAL FACEBOOK PAGE
OR VISIT OUR WEBSITE www.bengalassociation.com

ফ্রান্স, বুলগেরিয়া, বাংলাদেশ, ইটালি এবং নেপাল ইত্যাদি জায়গার কয়েকটা নামকরা ডকু-শর্ট ফিল্ম। এই উৎসবে প্রায় দেড় ডজন ছবির সাথে কয়েকটি আন্তর্জাতিক মানের ডকুমেন্টারী ছবি প্রদর্শিত হবে।

বাঙালি জাতি ভোজনবিলাসী না হলেও ভোজনপ্রিয় তো বটেই এবং বাঙালিদের এই অনুভূতি নিয়ে, 'পেটে খেলে পিঠে সয়' অথবা 'আগে ভোজন পরে ভজন' ইত্যাদি নানা শব্দবন্ধের সুখ্যাতি ছড়িয়ে আছে সমগ্র পৃথিবী জুড়ে। আড্ডাপ্রিয় বাঙালির সাধন বা সাধনা খালি পেটে কিছুতেই সম্ভব নয়, রসনা তৃপ্ত করতে, সুস্বাদু ব্যঞ্জনের ব্যবস্থা সাথে থাকতেই হবে। ইতিহাসের পাতা উল্টালে দেখা যায়, বিশ্বকবি রবিঠাকুর সেকালে ওনার বাড়িতে আয়োজন করতেন 'খামখেয়ালি সভা', প্রথিতযশা সাহিত্যিকগণকে নিয়ে সুকুমার রায়ও তৈরি করেছিলেন 'মন্ডা ক্লাব' যেখানে আড্ডার সাথে চলত জমজমাট খাওয়া-দাওয়া। সত্যি বলতে খাদ্য রসিক বাঙালি জাতি, ভালোমন্দ খাবারের ব্যাপারে কোনো কম্প্রোমাইজ করতে জানে না। আমরা যেহেতু ভূতের রাজার বর পাইনি, তাই এই আনন্দ আয়োজন বিলাসবহুল না হলেও, ভোজন রসিকদের ফ্যাশন-সেন্সকে মাথায় রেখে, দুই বাংলার রন্ধনপটু বাবুর্চিরা, বাঙালি সুস্বাদু খাদ্য তালিকার সমুদ্র থেকে, কয়েক আঁজলা জল তুলে, মানসিকভাবে তৈরি আপনাদের কাছে ওনাদের সেরা খাবারটি পরিবেশন করতে।

কথা কিছু কিছু বুঝে নিতে হয়, মুখে তো সব বলা যায় না। তবুও জানাই, রসনা তৃপ্ত করতে পাওয়া যাবে, বাঙালির প্রিয় লুচি আলুর দম থেকে শুরু করে, বাসন্তী পোলাও, মাটন/চিকেন কষা, মাছ এবং চিকেনের ভর্তা, নোয়াখালির মরিচ ঝাল, বিরিয়ানি (কাচ্চি/কলকাতা স্টাইল), কুচো মাছের পাতুরি, চিংড়ি মালাইকারি, কাটলেট ইত্যাদি নানাবিধ মুখরোচক খাদ্য সম্ভার। বাঙালির ঐতিহ্যবাহী পুলি পিঠে, গোকুল পিঠে, দুধ পুলি, পাটি সাপ্টা, পশ্চিমবঙ্গের বাঁকুড়া থেকে সযত্নে নিয়ে আসা, সেই চিরপরিচিত লম্বা মাটির হাঁড়িতে, স্বাদে গন্ধে অতুলনীয় নলেন গুড় থেকে শুরু করে, শাঁখ সন্দেশ, রস কদম্ব, কেশর ভোগ, রাজভোগ, মিষ্টি দই, লবঙ্গ লতিকা, চন্দ্রকোনা, ক্ষীরের জিলিপি এসব কিছুই শোভা পাবে এই উৎসবের স্টলে। অতএব আর দেরি নয়, এপার না ওপার কোন খাবার বেশি ভালো, আপাতত সেই ঘটি বাঙাল খাদ্য যুদ্ধ ভুলে বাঙালিয়ানায় মজে উঠতে, সপ্তাহান্তে সকলের গন্তব্য হোক, আমাদের এই উৎসবে। কারণ আমরা শিকড় ধরেই উঠতে চাই  শিখরে, তবেই দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশনের এই কর্মকান্ডের সার্থকতা। বিশেষভাবে উল্লেখ্য, এই উৎসব আপনাদের সকলের জন্য, তাই নিঃশুল্ক প্রবেশের মাধ্যমে সিনেমামোদী এবং খাদ্যপ্রেমী যে কেউ এই উৎসবে যোগদান


beyondbounds
FIRST INTERNATIONAL DOCUMENTARY / SHORT FILM FESTIVAL
ORGANISED BY THE BENGAL ASSOCIATION, DELHI
9th & 10th DECEMBER 2023 • MUKTADHARA AUDITORIUM • 10.30 AM ONWARDS
ALL THAT BREATHES
FAKIRALI
AUGUST 13
YOU DONT BELONG
প্রবাহ
PROBAHO
PANJIKA
Agata
CROSS MY HEART
THE END
CALL

## 9th DECEMBER 2023 SATURDAY

11am - WATER WALA (61 mins) - A Film by Rajaditya Banerjee

12.10 am - PANJIKA (32 mins) - A Film by Palash Das

12.45 pm - BRINK OF TEARS (FRANCE • 19 mins) - A Film by Anne Amiand

2.00 pm - 1.4 GB (15 mins) - A Film by Manas Basu
2.20pm - A Discussion with the Director

2.30 pm - Delhi Shorts
NAVAKANYA (5 mins)- A Film by Sangeeta Das Banerjee
LATHI (6.45 mins)- A Film by Sonjukta Bagchi
BHITU (5 mins)- A Film by Manas Nanda
BAAL BAAL BACHE (5.10 mins)- A Film by Rajeshwar Rudra

3.00 pm - MADAN GOPAL SINGH TALKS ABOUT THE JOY OF FILMS

3.30 pm - AUGUST 13 (BULGERIA • 30 mins) - A Film by Ventsislav Sariev

4.00 pm - THE END (20 mins) - A Film by Manas Nanda & Rahul Mukherjee

4.30 pm - MAHUA CHATTERJEE TALKS ABOUT FILM CLUBS & CINE FESTIVALS

5.00 pm - INNAUGURAL DANCE PERFORMANCE BY ARUNAVA DHAR & GROUP

INNAUGURATION CEREMONY

6.00 pm - ALL THAT BREATHES (1hr 37 mins) - A Film by Shaunak Sen
FOLLOWED BY DISCUSSION WITH SHAUNAK SEN

## 10th DECEMBER 2023 SUNDAY

11am - CHITROKOR (BANGLADESH 58 mins) - A Film by Ahsan Kabir Liton & Mehmud Hossain Masud

12.00 noon - DISCUSSION WITH JAHAR KANUNGO

12.20 pm - OX FIESTA (NEPAL • 29 mins) - A Film by Puru Lamsal

2.00 pm - CROSS MY HEART (30 mins) - A Film by Joy Chatterjee

2.40 pm - FAKIRALI (70 mins) - A Film by Ladly Mukhopadhyay

3.50 pm - BIRDS BY THE SEA (2.02 mins) - A Film by Wolfgang Lehmann

MANAS BASU SPEAKS ABOUT EXPERIMENTAL FILMS

4.15 pm - PROBAHO (14 mins) - A Film by Promita Bhowmik

5.00 pm - THE CALL (20 mins) - A Film by Gaurav Ganguly

5.25 pm - SONALI SHARMA SPEAKS ABOUT CINEMATOGRAPHY ( ANALOGUE TO DIGITAL) & DOCUMENTARIES THEN AND NOW

6.00 pm - YOU DON'T BELONG (1hr 20 mins) - A Film by Spandan Banerjee, Followed by Spandan Banerjee talks about the film.

8.00 pm - CLOSING

8.10 pm - MISS AGATA (ITALY • 20 mins) - A Film by Anna Elina Pepe & Sebastian Maulucci

করতে পারেন। জানি দেখা হবে, নিশ্চয়ই দেখা হবে সকলের সাথে, কারণ ভালোবাসার মিলন যে অবধারিত।

আগামী ১৭ই ডিসেম্বর, বেঙ্গল অ্যাসোসিয়েশন দ্বারা আয়োজিত ষষ্ঠ নাট্যমেলায়, আমাদের মুক্তধারা মঞ্চে, রাজধানী শহরের দুটি জনপ্রিয় নাট্যদল, রুম থিয়েটার ও পুনঃশ্চ, পরিবেশন করবেন দুটি নাটক। রুম থিয়েটার প্রযোজিত, বিবেক চ্যাটার্জী নির্দেশিত একাঙ্ক নাটক, 'সূর্য নেই স্বপ্ন আছে' এবং পুনশ্চ প্রযোজিত, সুদীপ কোনার নির্দেশিত একাঙ্ক নাটক 'খেলা' মঞ্চস্থ হবে। নাট্যমোদী দর্শকদের সকলকে স্বাগত।

## আনন্দ সংবাদ

প্রখ্যাত বাঙালি লেখক শীর্ষেন্দু মুখোপাধ্যায়, তাঁর সাহিত্যিক অবদানের একটি মর্যাদাপূর্ণ স্বীকৃতিস্বরূপ, এই বছরে কুভেম্পু রাষ্ট্রীয় পুরস্কারে মনোনীত হয়েছেন। কন্নড় ভাষার বিখ্যাত কবি প্রয়াত কুভেম্পুর সম্মানে, এই জাতীয় পুরস্কারের নামকরণ করা হয়েছে। যাঁরা ভারতীয় ভাষায় গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন, তাঁদের সম্মান স্বরূপ এই বিশেষ পুরস্কার প্রদান করা হয়। এই পুরস্কারের অর্থমূল্য পাঁচ লক্ষ টাকা। সম্ভবতঃ শীর্ষেন্দু মুখোপাধ্যায়, প্রথম ব্যক্তি, যাঁর হাত ধরে বাংলায় এই জাতীয় সম্মান এলো। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে, এই প্রখ্যাত সাহিত্যিককে অজস্র শুভেচ্ছা এবং অভিনন্দন জানানো হলো।

## রাজধানী এবং সন্নিহিত অঞ্চলের সাংস্কৃতিক সংবাদ

গত ১৮ই নভেম্বর, মাতৃমন্দির লাইব্রেরী হলে বসেছিল, 'বঙ্গ সংস্কৃতির সান্ধ্য আসর'। উৎসবের আমেজ থেকে বেরিয়ে, পুজোর মাসের বিরতির পর, আবার ফিরে এসেছিল সেই পুরোনো রোজনামচায়। গান, কবিতা, গল্প কথার সঙ্গে ছিল পূজা পরবর্তী মিলনোৎসব। আসরের প্রথা অনুযায়ী আসরের শুরু হয় 'বাংলার মাটি বাংলার জল' গানটি গেয়ে। উপস্থিত সকলেই গানটিতে কণ্ঠ মেলান। যে সকল বাঙালি মনীষী জন্মগ্রহণ করেন তাঁদের নাম পড়ে শোনানো হয়। নানান স্বাদের গান কবিতা ও গল্পে আসরটি মনোগ্রাহী হয়ে ওঠে। অসংখ্য শ্রোতাদের উপস্থিতিতে, রবিঠাকুরের গল্প পড়ে শোনান, অধ্যাপক অভিজিৎ কারকুন (জে.এন.এইউ)। বিশিষ্ট বিজ্ঞানী আচার্য জগদীশচন্দ্র বসু সম্পর্কে বলেন অধ্যাপক অঞ্জন রায় (আইআইটি, দিল্লি)। গতমাসে যাঁদের জন্মদিন ছিল, আসরের পক্ষ


ষষ্ঠ নাট্যমেলা
সৌজন্যে
ROOM THEATRE
PRESENTS
সূর্য নেই স্বপ্ন আছে
নাটক রাধারমণ ঘোষ
নির্দেশনা : বিবেক চ্যাটার্জি
6th Natya Mela
On 17th Dec 2023
At Muktadhara Auditorium, Gole Market
Organized by
Punoscha
PUNOSCHA presents
খেলা
Based on play of
Shri Shishir Kumar Das
Directed by - Sudip Koner
6th Natya Mela
On 17th Dec 2023
at Muktadhara Auditorium, Gole Market
Organised by
Bengal Association Delhi
SURJO NEI SOPNO AACHHE
Produced by
ROOM THEATRE
AND
KHELA
Produced by
PUNOSCHA
SUNDAY
17th DECEMBER'23
6pm ONWARDS
MUKTADHARA AUDITORIUM
BANGA SANSKRITI BHAVAN,
BHAI VEER SINGH MARG, GOLE MKT.
NEW DELHI
রুম থিয়েটার ও
পুনশ্চ প্রযোজিত
দুটি নাটক
সূর্য নেই স্বপ্ন আছে
এবং
খেলা
১৭ই ডিসেম্বর'২৩
সন্ধ্যা ৬টা থেকে
মুক্তধারা প্রেক্ষাগৃহ
বঙ্গ সংস্কৃতি ভবন
১৮-১৯ ভাই বীর সিং মার্গ
গোল মার্কেট, নিউ দিল্লি
সুধীজন স্বাগত

থেকে তাঁদের একটি লাল গোলাপ দিয়ে দীর্ঘ সুস্থ জীবন কামনা করা হয়। এরপর সমবেত কণ্ঠে 'মোদের গরব মোদের আশা' গানটি গেয়ে আসরের সমাপ্তি ঘোষণা করা হয়।

গত ২০শে নভেম্বর সন্ধ্যা সাড়ে ছটায়, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের উদ্যোগে নিজ ভবনে শিশুদিবস উপলক্ষ্যে একটি মনোজ্ঞ অনুষ্ঠান পালিত হয়েছে। এছাড়া গত ২৬শে নভেম্বর সকালে সাতটি স্কুলের প্রায় ১৩১টি ছাত্র-ছাত্রীকে, পরীক্ষায় উল্লেখযোগ্য ফলাফলের জন্য স্কলারশিপ প্রদান করা হয়।

গত ২৫শে নভেম্বর, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, দিল্লির প্রখ্যাত স্বেচ্ছাসেবী সংস্থা, লে রিদম ফাউন্ডেশন এবং হাজারীবাগের প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্টের যৌথ উদ্যোগে, 'শতবর্ষে কণিকা বন্দ্যোপাধ্যায়' শীর্ষক একটি অসাধারণ সঙ্গীত সন্ধ্যার আয়োজন করা হয়েছিল। বিশিষ্ট অতিথিদের দ্বারা প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে সেদিনের অনুষ্ঠানের শুভসূচনা হয়। লে রিদম মিউজিক স্কুলের নৃত্য শিল্পীরা পরিবেশন করেন 'নব আনন্দে জাগো'। এরপর ডঃ অমিতাভ মুখার্জী মহাশয়, কণিকা বন্দ্যোপাধ্যায়ের সম্পর্কে অনেক অজানা তথ্য প্রেক্ষাগৃহে উপস্থিত দর্শকদের সাথে ভাগ করে নেন। লে রিদম ফাউন্ডেশনের আগামী পথচলার ব্যাপারে, সকলকে অবহিত করেন কর্ণধার শ্রী রাজীব মুখোপাধ্যায়। এই অনুষ্ঠান উপলক্ষ্যে, বাঙালির খুব কাছের, অতিপ্রিয় দুই বিখ্যাত রবীন্দ্রসঙ্গীত শিল্পী শ্রীকান্ত আচার্য এবং জয়তী চক্রবর্তী সেদিনের সন্ধ্যায় সঙ্গীত পরিবেশনে উপস্থিত ছিলেন। শ্রী আচার্য, গানের মাঝে মাঝে কণিকা বন্দ্যোপাধ্যায়কে স্মরণ করে ওনার স্মৃতিকথা মেলে ধরেন সকলের সামনে। মনোরম পরিবেশে, বিশিষ্ট শিল্পীদ্বয়ের সুললিত কণ্ঠে, একক এবং দ্বৈতকণ্ঠে নিবেদনে, উপস্থিত দর্শক বিমোহিত হয়ে যান। প্রসঙ্গতঃ উল্লেখ্য, দিল্লির বেঙ্গল অ্যাসোসিয়েশন, এই মনোজ্ঞ অনুষ্ঠানটির মিডিয়া এবং প্রচার সহায়ক হিসাবে বিশেষ ভূমিকা পালন করেছিল।

গত ২রা ডিসেম্বর, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, দিল্লির সংলগ্ন গুরুগ্রামের অন্যতম গানের দল, শ্রীমতি মহুয়া প্রামাণিকের সযত্ন প্রয়াসে গড়ে ওঠা, 'আনন্দধারা' দশম বর্ষ উদযাপন উপলক্ষ্যে, ভিন্ন আঙ্গিকের রবীন্দ্রনাথের গান নিয়ে 'ভানুসিংহের পদাবলী' নৃত্যনাট্য, সযত্ন প্রয়াসে পরিবেশন করলেন, আনন্দধারা'র সহশিল্পী বৃন্দ। নৃত্যনাট্য অনুষ্ঠিত হওয়ার পর, দিল্লির চারটি জনপ্রিয় গানের দল যথাক্রমে, সপ্তক, স্বরচ্ছন্দা, স্বরলিপি এবং গানের তরীর শিল্পীরা

অঙ্কুর ankur



মদনপুর খাদার অঞ্চলে প্রান্তিক শিশুদের জন্য
বেঙ্গল অ্যাসোসিয়েশনের স্কুল 'অঙ্কুর'।
স্কুলটির জন্য সাহায্য করতে এগিয়ে আসুন।
নিচে QR Code স্ক্যান করে মুক্তহস্তে দান করুন।

A GENEROUS STEP TOWARDS THE GROWTH OF EDUCATION, PLEASE JOIN HANDS WITH US AND DONATE FOR **'ANKUR'** OUR PRIMARY SCHOOL AT MADANPUR KHADAR FOR THE UNDERPRIVILEGED. OUR SUPPORT TODAY, CAN GIVE THEM WINGS TO REACH THE SKY TOMMORROW!

Paytm Accepted Here

PLEASE SCAN THE QR CODE IF YOU WISH TO CONTRIBUTE FOR THIS NOBLE CAUSE. IN ORDER TO OBTAIN A RECEIPT PLEASE SHOW THE SCREEN SHOT OF THE TRANSACTION AT BENBAL ASSOCIATION MUKTADHARA OFFICE.

FOR FURTHER INFORMATION
CONTACT: 73034 54989

REGISTRATION No. 1295
of 1958-1959 UNDER SECTION 80G.
PAN: AAAAB0105G

সঙ্গীত পরিবেশন করেন।

গত ২রা এবং ৩রা ডিসেম্বর, দিল্লির গোল মার্কেটের সন্নিকটে, বঙ্গসংস্কৃতি ভবনের মুক্তধারা মঞ্চে অনুষ্ঠিত হল, প্রারম্ভ নাট্যগোষ্ঠীর পূর্ণাঙ্গ নাটক 'চুউপ! আদালত চলছে।' বিজয় তেন্ডুলকরের এই নাটকটি বাংলায় অনুবাদ করেছেন শ্রীমতি শুক্লা বসু (সেন) এবং নাট্য নির্দেশনায় ছিলেন, রাজধানী শহরের প্রখ্যাত নাট্য ব্যক্তিত্ব শ্রী রবিশঙ্কর কর।

গত ৩রা ডিসেম্বর সকালে, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের উদ্যোগে, প্রয়াত শ্রীবাস ভট্টাচার্য্য এবং প্রয়াত অরুণ রায়ের স্মরণে, স্থানীয় মেলা গ্রাউন্ডে আয়োজন করা হয়েছিল অনূর্ধ ১৫ বছরের কিশোরদের জন্য একটি ফুটবল টুর্নামেন্ট। এছাড়া একটি বিশেষ প্রদর্শনী ম্যাচে অংশগ্রহণ করেছিলেন, ৪৫ বছরের অধিক পুরুষ যুবকরা।

গত ৩রা ডিসেম্বর, সন্ধ্যা ৬টায়, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, বঙ্গীয় সমাজের প্রযোজনায়, 'এক দুই আড়াই' শীর্ষক তিনটি স্বল্প দৈর্ঘ্যের, অনুদিত একাঙ্ক নাটক - 'বাড়ি', 'মিত্তির মশাই' এবং 'খাদানের কথা' মঞ্চস্থ হয়েছে। এই তিনটি নাটকের, মূল নাটকগুলি দুটি ইংরাজি এবং একটি ফরাসি ভাষায় লেখা। বাংলায় অনুদিত নাটকগুলির নির্দেশনা করেছেন, রাজধানী শহরের জনপ্রিয় নাট্যকার এবং সুপরিচিত মুখ শ্রী বাদল রায়।

# রাজধানী দিল্লির আগামী সাংস্কৃতিক সংবাদ

বাউলগানের জনক হিসাবে লালন ফকির একটি অবিস্মরণীয় নাম। আগামী ৯ ও ১০ ডিসেম্বর, সুর আলাপ গ্লোবাল মিউজিক কনসার্টের বিশেষ উদ্যোগে লালন ফকিরকে স্মরণ করে নয়ডা কালীবাড়িতে অনুষ্ঠিত হতে চলেছে 'লালন স্মরণোৎসব' এবং 'বাউল মিলন উৎসব'। এই অনুষ্ঠানে আগামী ৯ই ডিসেম্বর নয়ডা কালীবাড়ি মন্দির প্রাঙ্গণ থেকে শুরু হবে প্রভাতফেরী। উক্তদিনে সকাল দশটায়, ইন্দিরাপুরমের প্রান্তিক কালচারাল সোসাইটির, 'প্রান্তিক সুর ও ধ্বনি', লালন ফকিরের লেখা গানের মধ্যে দিয়ে বিশেষ স্মৃতিচারণা অনুষ্ঠান পরিবেশন করবেন। এই মিলন উৎসবে, বিশেষভাবে আমন্ত্রিত শিল্পী হিসাবে, কুষ্টিয়া বাংলাদেশ থেকে সঙ্গীত পরিবেশনে লালন কন্যা শিরীন সুলতানা, বংশীবাদক আক্রম শেখ এবং বাংলা ঢোল বাদক যন্ত্রশিল্পীগণ উপস্থিত থাকবেন।


BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
আপনি কি বেঙ্গল অ্যাসোসিয়েশনের সদস্য হতে চান?
অথবা সদস্যতা নেবার পর ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?
যোগাযোগ করুন বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে
ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com
www.bengalassociation.com

আগামী ১০ই ডিসেম্বর, করোলবাগ বঙ্গীয় সংসদের উদ্যোগে, জীবনানন্দ দাশ (সাহিত্য এবং ব্যক্তিত্ব) শীর্ষক একটা বিশেষ সেমিনারের আয়োজন করা হয়েছে। উক্তদিনে, করোলবাগ বঙ্গীয় সংসদের নিজস্ব পত্রিকা অজন্তা'র প্রকাশ অনুষ্ঠান ও আলোচনা সভায় উপস্থিত থাকবেন বহু গুণী ব্যক্তিত্ব।

আগামী ১০ই ডিসেম্বর, রাজধানী শহরের বিশিষ্ট স্বেচ্ছাসেবী সংস্থা, লে রিদম ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা শ্রীমতী রিনি মুখার্জীর জন্মদিন স্মরণে, সন্ধ্যায় প্রখ্যাত ইস্কন সংস্থা দ্বারা কীর্তন এবং ভাগবত গীতা পাঠের আয়োজন করা হয়েছে। উক্ত দিনে দুপুরে সকলের উদ্দেশ্যে বিশেষ ভান্ডারার ব্যবস্থাও থাকবে।

আগামী ১৬ই ডিসেম্বর, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে, বিকাল পাঁচটা পঁয়তাল্লিশ মিনিটে, রবীন্দ্রনাথের ছোটগল্প অবলম্বনে নাটক 'মহামায়া' পুনরায় মঞ্চস্থ করতে চলেছে, দিল্লির যাপনচিত্র নাট্যগোষ্ঠী। নাটকটির নাট্যরূপ এবং নির্দেশনায় আছেন সুহান বসু।

আগামী ১৬ই ডিসেম্বর, সন্ধ্যা সাড়ে ছ'টায়, বঙ্গ সংস্কৃতি ভবনের মুক্তধারা প্রেক্ষাগৃহে, দিল্লির প্রতিষ্ঠিত নাট্যগোষ্ঠী, 'স্বপ্ন এখন' মঞ্চস্থ করতে চলেছেন, তাঁদের নতুন নাটক, 'বাইশে শ্রাবণ ও পোড়া মংসের গন্ধ'। প্রবেশ আমন্ত্রণমূলক।

আগামী ১৭ই ডিসেম্বর, বিকাল সাড়ে তিনটায়, চিত্তরঞ্জন পার্ক কালীমন্দির প্রাঙ্গণে, 'রবি শতকণ্ঠে' শীর্ষক একটা মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন হতে চলেছে। রাজধানী শহরে, এই প্রথমবার এমন একটা বিশেষ উদ্যোগের মূলকান্ডারি হলেন, দিল্লি নিবাসী, বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীত শিল্পী, প্রয়াত গুরু শ্রী সঞ্জয় সরকারের সুযোগ্য শিষ্য, শ্রী সমর চক্রবর্তী। বর্তমানে সমরবাবু দিল্লির উত্তরায়ণ সঙ্গীতের স্কুলটির সংগীত পরিচালনার দায়িত্ব পালন করছেন এবং দিল্লির বিভিন্ন প্ল্যাটফর্মে নিয়মিতরূপে অনুষ্ঠান করে চলেছেন। যদিও, শত কণ্ঠে রবীন্দ্রগান এই বিশেষ উদ্যোগটিকে নিয়ে সমরবাবুর এই ভাবনা আজকের নয়। বছর পাঁচেক আগের এই ভাবনা, বিশ্বজুড়ে করোনা মহামারীর প্রকোপে, মঞ্চস্থ হওয়ার সুযোগ পায়নি। এই মুহূর্তে পরিবেশ পরিস্থিতি যখন অনুকূলে, তখন আবার শুরু হয় নতুন করে পথচলা। এই মুহূর্তে ওনার এই দেখা স্বপ্নকে সাকার করতে, এগিয়ে এসেছেন, সাথে যুক্ত হয়েছেন, রাজধানী শহরের কয়েকজন একনিষ্ঠ সঙ্গীত প্রেমী মানুষ। উক্তদিন বিকালে, এই বিশেষ অনুষ্ঠানে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন, পদ্মশ্রী এবং সঙ্গীত নাটক একাদেমী পুরস্কারে ভূষিতা, বিদুষী সুমিত্রা গুহ।

আগামী ১৭ই ডিসেম্বর, চিত্তরঞ্জন পার্কের বিপিনচন্দ্র পাল অডিটোরিয়ামে,

বিকাল সাড়ে চার ঘটিকায়, রাজধানী দিল্লির বিশিষ্ট সঙ্গীত গোষ্ঠী, স্বরছন্দের সপ্তম বার্ষিক অনুষ্ঠান উপলক্ষে, "বিদ্রোহী কবি রবীন্দ্রনাথ" শীর্ষক একটা মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়াও অন্যান্য আঙ্গিকের সঙ্গীত এবং নৃত্য পরিবেশনে উপস্থিত থাকবেন দিল্লি এবং কলকাতার একঝাঁক গুণী শিল্পীবৃন্দ। বিশেষভাবে উল্লেখ্য, এই অনুষ্ঠানটির সফল মঞ্চায়নে, আন্তরিকভাবে সহায়তার হাত বাড়িয়ে দিয়েছেন, হাজারীবাগের প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট এবং কর্ণধার ডঃ অমিতাভ মুখার্জী।

আগামী ১২-১৪ জানুয়ারী, চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজের উদ্যোগে, স্বামী বিবেকানন্দ মেলা গ্রাউন্ডে, তিনদিন বাপী ৪৮তম শীতকালীন পৌষমেলা উৎসবের আয়োজন করা হবে।

আগামী ২৩শে ডিসেম্বর শনিবার সন্ধ্যা সাত ঘটিকা থেকে, দক্ষিণ দিল্লি কালীবাড়ির উদ্যোগে, মন্দির প্রাঙ্গণের রানী রাসমণি হলে, একটি ভক্তিসন্ধ্যার আয়োজন করা হয়েছে। প্রবচন এবং কথামৃত পাঠে অংশ নেবেন, রামকৃষ্ণ মিশন দিল্লি শাখার সেক্রেটারি, পরম পূজনীয় স্বামী সর্বলোকনন্দ মহারাজ।

# একটি বিশেষ আবেদন

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লি এবং সংলগ্ন বাঙালিদের কাছে বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবর 'অ্যাসোসিয়েশন সংবাদ' নামক একটা মানসিক ক্ষুদ্র পত্রিকার মাধ্যমে আপনাদের কাছে তুলে ধরার চেষ্টা করে। যদি আপনারা নিজ এলাকার সাংস্কৃতিক সংবাদ, প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে, আমাদের কাছে সযত্নে পাঠিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেন, তাহলে আমরা যথাসম্ভব সেগুলো প্রকাশ করে সবার কাছে পৌঁছে দিতে সচেষ্ট হবো। আপনারা এই সমস্ত সংবাদ, বাংলা, হিন্দি এবং ইংরেজি এই তিনটির যেকোনো ভাষায় আমাদের কাছে ই-মেল করে (associationsangbad@ gmail.com) অথবা আমাকে ব্যক্তিগত হোয়াটস্যাপ (রাজা চট্টোপাধ্যায় - 9810484734) মাধ্যমেও পাঠাতে পারেন।


মেঘনা যমুনা
দুই বাংলার ফুড ফেস্টিভ্যাল
Meghna Jamuna
BENGAL ASSOCIATION
বেঙ্গল অ্যাসোসিয়েশন
NEW DELHI
@RajaC




**Editor and Publisher Shri Prodip Ganguly**
**Published on behalf of Bengal Association, New Delhi.**
**Designed & Composed by Roma Chakraborty, C.R. Park, 9213134487**